

# ■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮:১৯

### আরবি মূল আয়াত:

# وَ الطَّيرَ مَحشُورَةً ا كُلُّ لَّهُ اَوَّابٌ ﴿١٩﴾

#### 🗚 অনুবাদসমূহ:

আর সমবেত পাখীদেরকেও (অনুগত করেছিলাম); প্রত্যেকেই ছিল অধিক আল্লাহ অভিমুখী। — আল-বায়ান আর পাখীরা সমবেত হত, সকলেই তার সঙ্গে আল্লাহ অভিমুখী হত (তাসবীহ করার মাধ্যমে)। — তাইসিরুল এবং সমবেত বিহংকুলকেও, সবাই ছিল তার অভিমুখী। — মুজিবুর রহমান

And the birds were assembled, all with him repeating [praises]. — Sahih International

#### ১৯. এবং সমবেত পাখীদেরকেও; সবাই ছিল তার অভিমুখী।(১)

(১) এ আয়াতে দাউদ আলাইহিসসালাম-এর সাথে পর্বতমালা ও পক্ষীকুলের ইবাদতের তাসবীহে শরীক হওয়ার কথা উল্লেখ করা হয়েছে। ইতিপূর্বে এর ব্যাখ্যা সূরা আম্বিয়া ও সূরা সাবায় বর্ণিত হয়েছে। এখানে উল্লেখযোগ্য বিষয় এই যে, পর্বতমালা ও পক্ষীকুলের তাসবীহ পাঠকে আল্লাহ তা'আলা এখানে দাউদ আলাইহিস সালাম-এর প্রতি নেয়ামত হিসেবে উল্লেখ করেছেন। কারণ, এতে দাউদ আলাইহিস সালাম-এর একটি মু'জিযা প্রকাশ পেয়েছে। বলাবাহুল্য, মু'জিযা এক বড় নেয়ামত। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

## (১৯) এবং (বশীভূত করেছিলাম) পক্ষীকুলকেও সমবেত অবস্থায়, সকলেই ছিল তার অনুসারী।[1]

[1] অর্থাৎ, এগুলি সবই দাউদের অনুসারী ছিল। অথবা এগুলি সবই আল্লাহ-অভিমুখী। অর্থাৎ, সকাল-সন্ধ্যায় পর্বতমালা দাউদ (আঃ) এর সাথে তসবীহ পাঠে রত হত এবং উড়ন্ত পক্ষীকুলও যবুর পড়া শুনে শূন্যে জমায়েত হত এবং তাঁর সাথে তসবীহ পাঠ করত। 'مَحْشُهُ ' অর্থ 'জমায়েত অবস্থায়'।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3989

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন